এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট
মান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ (i) মহানবি (স) বললেন, আজ তোমাদের প্রতি আমার কোনো অভিযোগ নেই, যাও তোমরা মুক্ত ও স্বাধীন। (ii) মহানবি (স) বলেন, মনে রেখ, দেশ, বর্ণ-গোত্র, সম্প্রদায় নির্বিশেষে সকল মুসলমান সমান। আজ থেকে বংশগত শ্রেষ্ঠত্ব বিলুপ্ত হলো। শ্রেষ্ঠত্বের একমাত্র মাপকাঠি হলো আল্লাহ ভীতি ও সৎকর্ম। সে ব্যক্তিই সব চাইতে সেরা যে নিজের কৎকর্ম দ্বারা শ্রেষ্ঠত্ব অর্জন করে।

ক. উছওয়া (أُسْوَةٌ) শব্দের অর্থ কী? ১

খ. হিজরতের রাতে মহানবি (স) হযরত আলী (রা) কে নিজের বিছানায় রেখে গেলেন কেন? ২

গ. উদ্দীপকের প্রথমোক্ত হাদিসখানা কোন ঘটনার প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শেষোক্ত হাদিসখানার আলোকে বিদায় হজের ভাষণের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২.▶ মামুন বলল, মানুষের জন্ম হতে মৃত্যু পর্যন্ত সকল কাজ-কর্মের যথাযথ দিক নির্দেশনা ইসলামে বিদ্যমান। এমন কি মানুষের মৃত্যুর পরবর্তীজীবন বা পরকালের অবস্থার বর্ণনাও ইসলামে রয়েছে। মাসুদ বলল, ইসলাম অনুযায়ী জীবন পরিচালনার জন্য ইসলাম সম্পর্কে জ্ঞান অর্জন করতে হবে। আর এর প্রধান মাধ্যম হলো ইসলাম শিক্ষা।

ক. আকাইদ শব্দের অর্থ কী? ১

খ. ফেরেশতাগণে বিশ্বাস করতে হবে কেন? ২

গ. মামুনের মনোভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. মাসুদের বক্তব্যের আলোকে ইসলাম শিক্ষার গুরুত্ববিশ্লেষণ করো। ৪

৩.▶ আমান বলল, পৃথিবীতে যুগে যুগে এমন কিছু কিতাব আবির্ভূত হয়েছে যাতে বিশ্বাস স্থাপন করা আমানের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। নোমান বলল, আল কুরআন হচ্ছে সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ আসমানি কিতাব। আল্লাহ তায়ালা সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি হযরত মুহাম্মদ (স) এর ওপর এ কিতাব নাযিল করেন।

ক. اَلْبُرْهَانُ (আল বুরহান) অর্থ কী? ১

খ. কিয়ামতের নামকরণের তাৎপর্য সংক্ষেপে লেখ। ২

গ. আমান কর্তৃক বর্ণিত কিতাবসমূহে বিশ্বাসের গুরুত্ব ব্যাখ্যা করো। ৩

ঘ. নোমানের উক্তির আলোকে আল কুরআনের বৈশিষ্ট্য ও মাহাত্ম্য বিশ্লেষণ করো। ৪

৪.▶ জাহিদ বলল, মহানবি (স) এর যুগেই আল কুরআন সংরক্ষণের পূর্ণাঙ্গ ব্যবস্থা করা হয়েছে। কাজেই এ কিতাবের একটি হরফ, হরকত বা নুকতারও পরিবর্তনের সুযোগ নেই। শহিদ বলল, হযরত আবু বকর (রা) এর যুগে কুরআন সংকলনের যে উদ্যোগ গ্রহণ করা হয় হযরত উসমান (রা) এর হাতে এটি পরিপূর্ণতা লাভ করে। তাই উসমান (রা) কে জামিউল কুরআন বলা হয়।

ক. মহানবি (স) কয়টি রীতিতে কুরআন পাঠ করার অনুমতি দিয়েছিলেন? ১

খ. আমার উম্মতের উত্তম ইবাদত হলো কুরআন তিলাওয়াত– হাদিসখানা সংক্ষেপে ব্যাখ্যা করো। ২

গ. হাদিসের মনোভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. পাঠ্য বইয়ের আলোকে শহিদ এর বক্তব্য বিশ্লেষণ করো। ৪

৫.▶ মাওলানা জামী বললেন, আল্লাহর এমন কিছু বান্দা আছেন যারা চাল-চলন, আচার-ব্যবহার, পোশাক-পরিচ্ছদে ইসলামের একান্ত অনুসারী। তারা সদা-সর্বদা আল্লাহর যিকির ও প্রশংসায় লিপ্ত থাকেন। মাওলানা রুমী বলেন, সততা ও বিশ্বস্ততার সঙ্গে ব্যবসা পরিচালনা করলে কিয়ামতের দিন মহা পুরস্কার লাভ করা যাবে।

ক. হাদিসের কয়টি অংশ থাকে? ১

খ. তাকরিরি হাদিস বলতে কী বোঝায়? ২

গ. মাওলানা রুমীর বক্তব্য কোন হাদিসের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. সংশ্লিষ্ট হাদিসের আলোকে মাওলানা রুমীর বক্তব্য বিশ্লেষণ করো। ৪

৬.▶ আলীম বললেন সিয়াম সাধনার ফলে সমাজের লোকদের মধ্যে পারস্পরিক সহানুভূতি ও সহমর্মিতা সৃষ্টি হয়। ধনীরা নিরন্ন ও অভাবীদের কষ্ট বুঝতে পারে। সেলিমের মতে, আল্লাহর নৈকট্য লাভের সর্বশ্রেষ্ঠ উপায় হচ্ছে সালাত। এতে ইমান মজবুত হয়, আত্মা পরিশুদ্ধ হয়।

ক. যাকাত ইসলামের কততম রুকন? ১

খ. মাকবুল হজের বিনিময় জান্নাত ছাড়া আর কিছু নেই– ব্যাখ্যা করো। ২

গ. পাঠ্য বইয়ের আলোকে আলীম সাহেবের মতামত ব্যাখ্যা করো। ৩

ঘ. সেলিম সাহেবের সাথে তুমি কি একমত? তোমার মতের পক্ষে প্রমাণ দাও। ৪

৭.▶ নাসিম বলল, বান্দাকে যাবতীয় কুপ্রবৃত্তি ও শয়তানের প্ররোচনা থেকে মুক্ত করে একনিষ্ঠভাবে আল্লাহর অনুগত বানিয়ে দেওয়াই জেহাদের উদ্দেশ্য। নাসিম বলল, জিহাদ ও সন্ত্রাসবাদ এ দুটি পরস্পর বিপরীত। রাজ্য জয়, ক্ষমতা দখল, সম্পদের লোভ, খুন-খারাবি, লুটতরাজ এবং অন্যায় রক্তপাত জিহাদের উদ্দেশ্য হতে পারে না।

ক. সন্ত্রাসবাদের আরবি প্রতিশব্দ কী? ১

খ. জিহাদে কাবির বলতে কী বুঝায়? ২

গ. নাসিমের মনোভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. পাঠ্য বইয়ের আলোকে নাসিমের মতামত বিশ্লেষণ করো। ৪

৮.▶ (i) আল্লাহ বলেন, নিশ্চয়ই আল্লাহর নিকট সবচেয়ে সম্মানিত সে ব্যক্তি যে তোমাদের মধ্যে সবচেয়ে বেশি তাকওয়াবান। (ii) মহানবি (স) বলেন, যে ব্যক্তি ওয়াদা পালন করে না তার দীন নেই।

ক. নিশ্চয়ই আল্লাহ তায়ালা খিয়ানতকারীদের পছন্দ করেন না– কোন সুরার আয়াত? ১

খ. সত্যবাদিতা মুক্তি দেয় আর মিথ্যা ধ্বংস ডেকে আনে– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত আয়াতটির আলোকে তাকওয়ার গুরুত্ব ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত হাদিসখানার আলোকে ইসলামের দৃষ্টিতে ওয়াদা পালনের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৯.▶ সোহেল পরনিন্দা ও পরচর্চা করে, অসাক্ষাতে অন্যের দুর্নাম করে, সমালোচনা করে, পরের দোষ প্রকাশ করে, কুৎসা রটনা করে বেড়ায়। সে তার বন্ধুদের অনুপস্থিতিতে এমন কথা বলে বেড়ায় যা শুনে তারা মনে কষ্ট পায়। পক্ষান্তরে, সাব্বির অন্যের প্রতি বিরূপ মনোভাব পোষণ করে, নিজেকে বড় মনে করে। অন্যকে ঘৃণা করে, শত্রুভাববশত অন্যের ক্ষতি কামনা করে। অন্যের উন্নতি, সুখ সহ্য করতে পারে না।

ক. ঘুষদাতা ও ঘুষখোর উভয়ই জাহান্নামি– উক্তিটি কার? ১

খ. হালাল জীবিকা অন্বেষণ করা ফরজ কেন? ২

গ. সাব্বিরের কাজটি শরিয়তের দৃষ্টিতে কেমন হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সোহেলের কাজটির পরিণাম পাঠ বইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : ১ ১ ১

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. **আখলাক অর্থ কী?**

(ক) মিথ্যাচার (খ) সত্যবাদিতা
(গ) আল্লাহভীতি (ঘ) চরিত্র

২. **প্রতারণা বলতে বুঝায়—**

i. ঠকানো বা ফাঁকি দেওয়া
ii. বিশ্বাস করা
iii. সত্য গোপন করা

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩. **দারুল আরকাম কী?**

(ক) পাঠাগার (খ) হাসপাতাল
(গ) শিক্ষা প্রতিষ্ঠান (ঘ) কলেজ

৪. **রুমা কূপ কোথায় অবস্থিত?**

(ক) মক্কায় (খ) সিরিয়ায়
(গ) ইয়েমেনে (ঘ) মদিনায়

৫. **কে বিবি খাদিজার কর্মচারী ছিলেন?**

(ক) যায়েদ (খ) মাইসারা
(গ) আনাছ (ঘ) আতিক

৬. **কিতাবুল জিবার গ্রন্থখানি কোন বিষয়ের উপর রচিত?**

(ক) রসায়ন (খ) গণিত
(গ) চিকিৎসা (ঘ) পদার্থবিদ্যা

৭. **আধুনিক জ্ঞানবিজ্ঞান ঋণী—**

i. গ্রিকদের কাছে
ii. মুসলমানদের কাছে
iii. ইংরেজদের কাছে

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮. **কামুস দুর্গ কোথায় অবস্থিত?**

(ক) মদিনায় (খ) ইরাকে
(গ) সিরিয়ায় (ঘ) খায়বারে

৯. **হারবুল ফিজার শব্দের অর্থ কী?**

(ক) ফিজারের যুদ্ধ (খ) অবৈধ যুদ্ধ
(গ) অন্যায় যুদ্ধ (ঘ) অসম যুদ্ধ

১০. **কয় বছর বয়সে মুহাম্মদ (স) তাঁর দাদাকে হারান?**

(ক) আট (খ) সাত
(গ) নয় (ঘ) দশ

১১. **ইসলামের মূল ভিত্তি কী?**

(ক) ইমান (খ) আকাইদ
(গ) ইসলাম (ঘ) তাওহিদ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :

জসিম একাধিক বার চাকরির ইন্টারভিউ দিয়ে কৃতকার্য হয়নি। অবশেষে খাজা বাবার কাছ থেকে তাবিজ সংগ্রহ করে তা ডান হাতে বেঁধে চাকরির ইন্টারভিউ দিতে যায়।

১২. **জসিম সাহেবের তাবিজ ও কবজ পরিধান কিসের শামিল?**

(ক) নিফাক (খ) শিরক
(গ) ফিসক (ঘ) কুফর

১৩. **এরূপ করায় আরমান সাহেব কী বলে পরিগণিত হবে?**

(ক) বেঈমান (খ) কাফির
(গ) মুশরিক (ঘ) মুনাফিক

১৪. **আখিরাতের জীবন বৈশিষ্ট্য কিরূপ?**

(ক) ক্ষণস্থায়ী (খ) চিরস্থায়ী
(গ) স্বল্পস্থায়ী (ঘ) দীর্ঘস্থায়ী

১৫. **ইসলামের পরিসর কেমন?**

(ক) সংক্ষিপ্ত (খ) সংকীর্ণ
(গ) ব্যাপক (ঘ) বিস্তৃত

১৬. **কোনটি ক্ষমার অযোগ্য অপরাধ?**

(ক) কুফর (খ) নিফাক
(গ) কিযব (ঘ) শিরক

১৭. **নিফাক শব্দের অর্থ—**

i. কপটতা
ii. ভণ্ডামি
iii. ধোঁকাবাজি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. **দুনিয়ার ভালোমন্দ কাজের হিসাব দিতে হবে—**

(ক) হাশরের ময়দানে (খ) আখিরাতে
(গ) কবরে (ঘ) মিযানে

১৯. **শরিয়তের মূল উৎস কোনটি?**

(ক) আল-কুরআন (খ) ইজমা
(গ) হাদিস (ঘ) কিয়াস

২০. **ওহি লেখকের সংখ্যা কত ছিল?**

(ক) ৪২ জন (খ) ১৭ জন
(গ) ১২ জন (ঘ) ৮ জন

২১. **সূরা আল-ইনশিরাহ কোথায় অবতীর্ণ হয়?**

(ক) মক্কায় (খ) মদিনায়
(গ) তায়েফে (ঘ) জেদ্দায়

২২. হাদিসের মূল বক্তব্যকে কী বলে?

(ক) রাবি (খ) সনদ

(গ) মাতান (ঘ) মারফু

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৩-২৪ নং প্রশ্নের উত্তর দাও :

“আফজাল মিয়া মনে করে যে, আল্লাহর প্রতি ইমান আনলেই মুমিন হওয়া যায়।”

২৩. আফজাল মিয়ার মনোভাব দ্বারা কী প্রকাশ পায়?

(ক) ইমানের পূর্ণতা

(খ) জ্ঞানের অপূর্ণতা

(গ) তাওহিদের পরিপূর্ণতা

(ঘ) খামখেয়ালীপনা

২৪. আফজাল শরিয়তের বিধিবিধান মেনে চললে—

i. জীবন সমৃদ্ধ হবে

ii. জীবন সফল হবে

iii. জীবন সম্পূর্ণ হবে

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii

(গ) iii (ঘ) i, ii ও iii

২৫. সত্য ও ন্যায় উপলব্ধি করতে হলে প্রয়োজন—

i. আন্তরিকতা

ii. নিষ্ঠা

iii. ব্যর্থতা

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. মুজতাহিদ অর্থ কী?

(ক) গবেষক (খ) ধর্মভীরু

(গ) চিন্তাশীল (ঘ) মহাজ্ঞানী

২৭. সর্বোত্তম ইবাদত কোনটি?

(ক) সালাত (খ) সাওম

(গ) যাকাত (ঘ) কুরআন পাঠ

২৮. যাকাতের আভিধানিক অর্থ কী?

(ক) পবিত্রতা (খ) বৃদ্ধি

(গ) বেশি হওয়া (ঘ) কমে যাওয়া

২৯. জিহাদ কত প্রকার?

(ক) দুই প্রকার (খ) তিন প্রকার

(গ) চার প্রকার (ঘ) পাঁচ প্রকার

৩০. সালাত ইসলামের কোন রুকন?

(ক) প্রথম (খ) দ্বিতীয়

(গ) তৃতীয় (ঘ) চতুর্থ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩১-৩২ নং প্রশ্নের উত্তর দাও :

দিদার একজন মুসলিম পিতার সন্তান হয়েও সালাতকে অস্বীকার করে। এমনকি সে ইসলামের অন্যান্য ইবাদতকেও অগ্রাহ্য করে। সে পত্রিকায় ইসলাম বিরোধী লেখালেখি করে।

৩১. দিদারের এ মনোভাবে কী প্রকাশ পেয়েছে?

(ক) কুফরি (খ) যালেমি

(গ) মুনাফেকি (ঘ) বিদআতি

৩২. এজন্য দিদারের পরিণতি—

i. পরকালে কঠিন শাস্তি

ii. ইহকালে সুনাম নষ্ট

iii. রাষ্ট্রীয়ভাবে কঠিন শাস্তি

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii

(গ) iii (ঘ) ii ও iii

৩৩. কে পরম শ্রদ্ধার পাত্র?

(ক) বড় ভাই (খ) শিক্ষক

(গ) শ্বশুর (ঘ) মামা

৩৪. ছাত্র জীবনে উন্নতির চাবিকাঠি কী?

(ক) শিক্ষকের প্রচেষ্টা

(খ) শিক্ষকের শ্রম

(গ) শিক্ষকের দোয়া

(ঘ) শিক্ষকের দোয়া ও শ্রম

৩৫. এজন্য নিয়াজ সাহেবকে ইসলামের দৃষ্টিতে কী বলা যায়?

(ক) মুশরিক (খ) মুনাফিক

(গ) কাফির (ঘ) কাযিব

৩৬. নিয়াজ সাহেবের এ কাজে প্রকাশ পেয়েছে—

(ক) চতুরতা (খ) কুফরি

(গ) খিয়ানত (ঘ) প্রতারণা

৩৭. স্বদেশপ্রেম কেমন গুণ?

(ক) মহৎ গুণ (খ) সদ গুণ

(গ) ভালো গুণ (ঘ) মহত্তর গুণ

৩৮. কী ছাড়া সম্পদ অর্থহীন

(ক) তাকওয়া (খ) আদল

(গ) আমানত (ঘ) আখলাত

৩৯. মিথ্যা যেমন ঘৃণ্য তেমনি ঘৃণার কাজ কোনটি?

(ক) খিয়ানত (খ) ওয়াদা ভঙ্গ

(গ) প্রতারণা (ঘ) জুলুম

৪০. কিসে সত্যিকারের মুক্তি ও সাফল্য নিহিত?

(ক) তাওহিদে (খ) ইমানে

(গ) সত্যবাদিতায় (ঘ) ভক্তিতে

উত্তর	১	ঘ	২	গ	৩	ঘ	৪	ঘ	৫	খ	৬	খ	৭	খ	৮	ঘ	৯	গ	১০	ক	১১	খ	১২	ঘ	১৩	গ	১৪	খ	১৫	ঘ	১৬	ঘ	১৭	ঘ	১৮	খ	১৯	ক	২০	ক
	২১	ক	২২	গ	২৩	ঘ	২৪	ঘ	২৫	খ	২৬	ক	২৭	ঘ	২৮	ক	২৯	খ	৩০	খ	৩১	ক	৩২	ক	৩৩	খ	৩৪	ঘ	৩৫	ঘ	৩৬	ঘ	৩৭	ক	৩৮	ক	৩৯	গ	৪০	গ